



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৩০৮/নতুন/গাজী/ ২৬-১৫

তারিখ : ০২/০৯/২০১৫

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২২/০৭/২০১৫ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৫(অংশ).৩৬১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) ০১/০১/২০১৫ হতে ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

## শর্তসমূহ :

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। এ পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৮। প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১০। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১১। নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য কোন শিক্ষক-কর্মচারীদের এমপিও দাবি করা যাবে না।
- ১২। ব্যক্তি নামে নামকরণ বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা সংরক্ষিত তহবিলে জেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষক/সভাপতির যৌথ স্বাক্ষরে প্রতিষ্ঠানে স্থায়ীভাবে জমা থাকবে এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক

আফাজ উদ্দিন মেমোরিয়াল জুনিয়র স্কুল,  
পোঃ- কালিয়াকৈর, উপজেলা- কালিয়াকৈর,  
জেলা- গাজীপুর।

মেমো নং- ২৬-১৫(২)

তারিখ : ২/৯/১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৮। চেয়ারম্যান, পরিচালনা কমিটি, আফাজ উদ্দিন মেমোরিয়াল জুনিয়র স্কুল।
- ৯। অফিস কপি।

০২.০৯.১৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

২/৯/১৫